

ভূমিকম্পে শাহজালাল বিমানবন্দরে খসে পড়লো পলেস্টারা

- A Monitor Desk Report

Date: 22 November, 2025



ঢাকাঃ ভূমিকম্পে ঢাকার হ্যারত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে একটি বিমের পলেস্টারা খসে পড়েছে। তবে এতে কেউ হতাহত হননি। ক্ষতিগ্রস্ত পলেস্টারা মেরামত করছে বিমানবন্দর কর্তৃপক্ষ।

শুক্রবার (২১ নভেম্বর) সকাল ১০টা ৩৮ মিনিটে আঘাত হানা ভূমিকম্পে বিমানবন্দরের টার্মিনাল-২-এর দ্বিতীয় তলায় ক্যানোপির (আচ্ছাদন) একটি বিমের পলেস্টারা খসে পড়ে।

শাহজালাল বিমানবন্দর সূত্র জানায়, শুক্রবার সকাল ১০টা ৩৮ মিনিটে আঘাত হানা ভূমিকম্পে বিমানবন্দরের টার্মিনাল-২-এর দ্বিতীয় তলায় ক্যানোপির (আচ্ছাদন) একটি বিমের পলেস্টারা খসে পড়ে। তবে তা কোনো যাত্রীর ওপর পড়েনি। এছাড়া মূল কাঠামোর কোন সমস্যা হয়নি। এ কারণে বিমানবন্দর দিয়ে যাত্রীদের যাতায়াতে কোনো সমস্যা হচ্ছে না।

ভূমিকম্পের সময় ক্যানোপিতে উপস্থিত ছিলেন বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের এক কর্মকর্তা। নাম প্রকাশ না করার শর্তে তিনি বলেন, ভূমিকম্প চলাকালে উপস্থিত যাত্রীরা আঁতকে ওঠেন। এদিক-সেদিক দৌড়াতে থাকেন। ক্যানোপিতে যেসব যাত্রী এবং তাদের স্বজনরা ছিলেন, তারাও নিরাপদ স্থানে যেতে থাকেন। এর মধ্যে দ্বিতীয় তলায় ৪ নম্বর ফটক-সংলগ্ন ভিমের পলেস্টারা খসে পড়ে। তবে এ ঘটনায় কেউ হতাহত হননি। পরে দ্রুত তা মেরামত করা শুরু করে বিমানবন্দর কর্তৃপক্ষ।

-B